# সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর
## একাদশ শ্রেণির অর্ধ বার্ষিক পরীক্ষা ২০২১
## বিষয়: যুক্তিবিদ্যা প্রথম পত্র
## **সৃজনশীল প্রশ্ন**

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট (যেকোন ৭টি প্রশ্নের উত্তর দাও) পূর্ণমান: ৭০

১। দৃশ্যকল্প-১: মি. সোহান উচ্চতর ডিগ্রী অর্জন করে তাঁর গ্রামে একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। তিনি গ্রামের মানুষকে সেই বিদ্যালয়ে বিভিন্ন বিষয়ে আধুনিক প্রযুক্তির শিক্ষা দেওয়ার বিষয়ে চিন্তা করেছে।

দৃশ্যকল্প-২: ডাক্তার টিটু চক্ষু শিবিরে দরিদ্র মানুষদের বিনা মূল্যে চক্ষুর অস্ত্রোপাচার করেন। তাঁর সুচিকিৎসায় চক্ষু রোগীরা সুস্থ হয়ে উঠেছে।

ক. যুক্তিবিদ্যা কী?

খ. যুক্তিবিদ্যা কি আদর্শনিষ্ঠ বিজ্ঞান?

গ. উদ্দিপকের দৃশ্যকল্প-১ এ কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।

ঘ. পাঠ্যপুস্থকের আলোকে দৃশ্যকল্প-১ দৃশ্যকল্প-২ এর মধ্যকার তুলনামূলক আলোচনা কর।

২। **নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:**

একাদশ শ্রেণিতে ভর্তি হওয়ার পর ফাহিম পড়াশোনার বিষয় নির্ধারণ করতে গিয়ে বলল, বিশ্বজগতের এমন একটি বিষয় আমি পড়তে চাই, যেটিতে বিশেষ জ্ঞান অর্জন করা যায়। ফাহিমের এ কথা শুনে হৃদয় বলল, অর্জিত বিশেষ জ্ঞানকে বাস্তবে প্রয়োগ করা যায় এমন একটি বিষয় পড়তে চাই। হৃদয়ের সাথে একমত পোষণ করে পিয়াস বলল, এরূপ একটি বিষয়ে আমিও পড়তে চাই।

ক. যুক্তিবিদ্যা কী?

খ. যুক্তিবিদ্যাকে আকারগত বিজ্ঞান বলা হয় কেন?

গ. উদ্দীপকে ফাহিমের বক্তব্যে কোন বিষয়ের ইঙ্গিত আছে? ব্যাখ্যা কর।

ঘ. পাঠ্যপুস্তকের আলোকে হৃদয় ও পিয়াসের বক্তব্যে যে বিষয়টি প্রকাশ করছে তাদের সম্পর্ক বিশ্লেষণ কর।

৩। **ঘটনা-১:** মি. রোহান যেকোনো বিষয় সুন্দরভাবে উপস্থাপন করেন। অন্যের বক্তব্যে ভুল থাকলে তিনি তা শনাক্ত করেন এবং কৌশলে সংশোধন করে দেন। **ঘটনা-২:** মি. শৈবাল ক্রেতাদের সাথে ভালো ব্যবহার করেন এবং সীমিত লাভে মানসম্পন্ন পণ্য বিক্রয় করেন।

ক. দর্শন কী?

খ. শিক্ষা কীভাবে যুক্তিবিদ্যার সাথে সম্পর্কিত?

গ. উদ্দীপকের ঘটনা-১ এ কোন বিষয়টির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর।

ঘ. পাঠ্যপুস্তকের আলোকে ঘটনা ১ ও ২ – এর মধ্যকার পার্থক্য বিশ্লেষণ কর।

৪। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

রাকিব একজন সংগীতশিল্পী। সে গান করে এবং একই সাথে ছবিঁ আঁকে। সাহিত্যেও তাঁর বিচরন আছে। কাব্যের সৌন্দর্যকে সে খুব পছন্দ করে। সৌন্দর্য, চেতনা, শিল্পবোধ ও রসবোধ তাঁর খুব প্রবল।

ক. নন্দনতত্ত্ব কোন বিশয় নিয়ে আলোচনা করে।

খ. 'যুক্তিবিদ্যা হচ্ছে চিন্তার বিজ্ঞান' –উক্তিটি ব্যাখ্যা কর।

গ. উদ্দিপকে রাকিবের চরিত্রে যে পরিচয় পাওয়া যায় তা জ্ঞানের কোন শাখার সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে নির্দেশিত বিষয়টির সাথে যুক্তিবিদ্যার সম্পর্ক আলোচনা কর।

৫. রায়হান সাহেব তার দুই ছেলে অলি ও তপুকে নিয়ে চিড়িয়াখানায় বেড়াতে যান। সেখানে হরিণ দেখে অলি বলল, "সকল হরিণ হয় সুন্দর।" সামনে এগিয়ে তপু হাতি দেখতে পেয়ে বলল, -বাহ! কি বিশাল প্রাণী!" রায়হান সাহেব বললেন, "সকল প্রাণী হয় উপকারী।"

ক. যুক্তিবিদ্যা কাকে বলে?

খ. শব্দ কিভাবে পদে পরিণত হয়?

গ. উদ্দীপকের রায়হান সাহেবের উক্তিটি কোন ধরণের যুক্তিবাক্য? ব্যাখ্যা কর।

ঘ. অলি ও তপুর উক্তি কি একই ধরণের? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর ।

৬. বাংলা ব্যাকরণের স্যার বাক্য পড়াচ্ছিলেন। তিনি বললেন, মানুষ তার মনের ভাব প্রকাশ করে ভাষার মাধ্যমে। ভাষা গঠিত হয় বাক্য দ্বারা, আর বাক্য গঠিত হয় শব্দ দ্বারা। বাক্যের উদাহরণগুলো নিম্নরূপ:

i. সব গোলাপ লাল নয়। i i. মানুষ মাত্রই মরণশীল।

ক. যুক্তিবাক্যের উপাদান কয়টি ও কি কি?

খ. সংযোজকের ভূমিকা ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের র ও রর নং বাক্য দুটিকে যুক্তিবাক্যে রূপান্তর কর।

ঘ. "উদ্দীপকের বাক্য ও যুক্তিতে ব্যবহৃত বাক্য একই রকম নয়"- এ সম্পর্কে পাঠ্যবইয়ের আলোকে তোমার মতামত দাও।

৭. স্কুলের দ্বিতীয় ব্যাচের ছাত্র রিতু। আজ সে বড় হয়ে জ্ঞানী-গুণী ব্যক্তিদের একজন। মাঝে মাঝে বাড়িতে গেলে তার সেই স্মৃতি বিজড়িত স্কুলটি দেখতে যায় এবং তার স্কুলের ছাত্ররা যাতে প্রকৃত জ্ঞানী হয়ে উঠতে পারে এমন প্রত্যাশায় ছাত্রছাত্রীদের জ্ঞান দিতে চেষ্টা করে। একদিন তিনি পদ সম্পর্কিত আলোচনায় বললেন, পদকে দুদিক থেকে বিবেচনা করা যায়। একটি হচ্ছে পদের সংখ্যার দিক ও আরেকটি হচ্ছে গুণের দিক। এদের পারস্পারিক সম্পর্কও বিদ্যমান। এ সবগুলোই একটি নিয়মের অধীন। তোমরা এগুলো ভালভাবে আয়ত্ব করার চেষ্টা করবে।

ক. পদযোগ্য শব্দ কাকে বলে?

খ. সহ-পদযোগ্য শব্দ উদাহরণসহ ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের রিতুর আলোচনায় ছাত্রছাত্রীদের মূলত কী সম্পর্কে ধারণা দেওয়ার চেষ্টা করেছেন? ব্যাখ্যা কর।

ঘ. "পদের সংখ্যার দিক ও গুণের দিক এ দুটোই একটি নিয়মের অধীন"- নিয়ম উল্লেখপূর্বক রিতুর আলোচ্য উক্তিটির যথার্থতা নিরূপন কর।

৮. সরোয়ার বাংলাদেশ পুলিশ বাহিনীতে চাকরি করে। প্রত্যেকটি ক্ষেত্রেই তাকে নিয়ম মেনে চলতে হয়। কোনো কারণে নিয়ম না মানলে তাকে শাস্তি ভোগ করতে হয়। একইভাবে যুক্তিপ্রদানেরও অনেক নিয়ম আছে। নিয়ম জেনে বুঝে এরপর যুক্তি বাক্যের ব্যবহার করতে হয়। কেননা কোনো যুক্তিবাক্যে একটি পদ আংশিক অর্থে ব্যবহৃত হয়। আর পদের এ আংশিক ও সামষ্টিক অর্থে ব্যবহৃত হওয়াও নিয়ম আছে যা না মানলে কোনো যুক্তিই বৈধ হয় না।

ক. যুক্তিবাক্য কী?

খ. গুণ ও পরিমাণের যৌথনীতি অনুসারে যুক্তিবাক্যের শ্রেণিবিভাগ দেখাও।

গ. উদ্দীপকের যুক্তিবাক্যে পদের কোন দিকটির প্রতি ইঙ্গিত প্রদান করা হয়েছে? এর নিয়মগুলো ব্যাখ্যা কর।

ঘ. পদের ঐ দিকটিকে A, E, I, O - এর বাক্যের ক্ষেত্রে বিশ্লেষণ করে দেখাও।

৯। সকল দার্শনিক হয় মানুষ। আমিনুল ইসলাম একজন দার্শনিক। তিনি ১৯৪৫ সালের ১লা জানুয়ারি জন্মগ্রহণ করেন। তিনি কৌতুকপ্রিয় মানুষ। কৌতুকপ্রিয়তার কারণে তিনি সকলের নিকট জনপ্রিয়।

ক. জাতি কী?

খ. বিধেয় ও বিধেয়ক কি সমার্থক? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে উল্লেখিত ১৯৪৫ সালের ১ জানুয়ারি কোন ধরনের বিধেয়ককে নির্দেশ করে? তোমার পাঠ্য পুস্তকের আলোকে ব্যাখ্যা কর।

ঘ. কৌতুক প্রিয় কোন ধরনের বিধেয়ক? তার শ্রেণিবিভাগ তোমার পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর।

১০। একাদশ শ্রেণির ছাত্রী আসমা বলল, জানো আপু – "যার সম্পর্কে কিছু বলা হয় তাকে উদ্দেশ্য আর বাক্যের উদ্দেশ্য সম্পর্কে যা বলা হয় তাকে বিধেয় বলে।" তার বড় বোন নাজমা বলল," উদ্দেশ্য আর বিধেয়র মধ্যেও একটি সম্পর্ক আছে। তবে এ সম্পর্ক কেবল সদর্থক বাক্যেই থাকে,নঞর্থক বাক্রে নয়।"

ক. বিধেয় কী?

খ. অবান্তর লক্ষণ বলতে কী বুঝায়?

গ .উদ্দীপকে আসমা ও নাজমার বক্তব্যে যে দুটি বিষয়কে নির্দেশ করে তাদের মধ্যে পার্থক্য দেখাও ।

ঘ. উদ্দীপকে উল্লিখিত নাজমার শেষোক্ত বাক্যটি পাঠ্যপুস্তকের আলোকে বর্ণনা কর ।

১১। মানুষ সৃষ্টির সেরা জীব। মানুষ তার বুদ্ধিবৃত্তির মাধ্যমে অন্যান্য সব প্রাণীর চেয়ে শ্রেষ্ঠতর স্থান দখল করে আছে ।জগতের অন্য সব প্রাণী জন্মগ্রহণ করে, খায়, ঘুমায়,জীবন ধারণ করে এবং একসময় মৃত্যুবরণ করে। কিন্তু মানুষ নামক প্রাণীটি নিজস্ব চিন্তাশক্তি ও বিচার শক্তি দিয়ে তার শ্রেষ্ঠত্বের প্রমাণ দিয়ে চলছে ।

ক. বিধেয়ক কী?

খ. "বিধেয়ক যুক্তিবাক্যের অংশও নয়; এমনকি যুক্তিবাক্যের কোনো পদও নয় "- বিষয়টি ব্যাখ্যা কর ।

গ. বিচারশক্তি গুণটি দ্বারা কোন প্রকার বিধেয়কের প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর ।

ঘ. উদ্দীপকের আলোকে বিধেয়কের প্রকারভেদ আলোচনা কর।